

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা।  
(www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১৭০.০২২.০১২.১১-২৪২

তারিখঃ ২৮ কার্তিক ১৪৩১  
১৩ নভেম্বর, ২০২৪


অফিস স্মারক

রাষ্ট্রপতি সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এর ২৩/০৯/১৯৮৭ তারিখের ৪(২৯)/৮৪-কমিটি-২/২০৫ নং অফিস স্মারকের সিদ্ধান্ত অনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) ০১-১০-১৯৮৭ তারিখের এমই/আর-১/আর-২৫/৮৭-১২১(৪৫) নম্বর অফিস স্মারকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর এর কর্মকর্তা/কর্মচারীদের খসড়া নিয়োগ বিধিমালা এবং বিদ্যমান নিয়োগ বিধিমালার উপর খসড়া সংশোধনী প্রজ্ঞাপন/বিজ্ঞপ্তিসমূহ প্রাথমিকভাবে পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের নিমিত্ত সুপারিশ প্রেরণের জন্য গঠিত নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সদস্যদের পদবী পরিবর্তিত হওয়ায় সময়ের প্রেক্ষাপটে তা পুনর্গঠনের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় নিম্নরূপভাবে উক্ত কমিটি পুনর্গঠন করা হলো:

১।	অতিরিক্ত সচিব (বিধি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়	সভাপতি
২।	যুগ্মসচিব/উপসচিব বিধি অনুবিভাগের সংশ্লিষ্ট অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
৩।	যুগ্মসচিব/উপসচিব (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয় অধিশাখা) মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৪।	যুগ্মসচিব/উপসচিব (ড্রাফটিং অধিশাখা) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫।	যুগ্মসচিব/উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৬।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের যুগ্মসচিব/উপসচিব	সদস্য

৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর এর কর্মকর্তা ও কর্মচারীদের খসড়া নিয়োগ বিধিমালা এবং বিদ্যমান নিয়োগমালার উপর খসড়া সংশোধনী ও প্রজ্ঞাপন এবং স্বায়ত্তশাসিত/স্ব-শাসিত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশন এর বিদ্যমান প্রবিধানমালার উপর খসড়া সংশোধনী ও প্রজ্ঞাপন জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে পরামর্শ দেওয়া যাচ্ছে। প্রস্তাবিত নিয়োগবিধিমালা/প্রবিধানমালার প্রস্তাবের সাথে উপযুক্ত তথ্য/প্রমাণকসহ প্রজ্ঞাপন ও তফসিল এর ১০ (দশ) কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(ড. মোঃ মোখলেস উর রহমান)

সিনিয়র সচিব

ড. মোঃ মোখলেস উর রহমান  
সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিতরণঃ

- ১। সিনিয়র সচিব/সচিব, ..... সকল  
মন্ত্রণালয়/বিভাগ। (তঁহার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/কর্তৃপক্ষ/কর্পোরেশন/  
স্বশাসিত সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (বিধি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (সমন্বয় অনুবিভাগ), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক  
মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (বাস্তবায়ন অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। যুগ্মসচিব/উপসচিব (বিধি-১/২ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।